



বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন শাখা
www.parjatan.gov.bd

নম্বর ৩০.৩২.০০০০.০০০.১৮.০০১.১৮.৩৭৫

তারিখ ৫ ভাদ্র ১৪২৫

২০ আগস্ট ২০১৮

...

বিষয়: সহকারী প্রকৌশলী (সিভিল) পদে শিক্ষানবিস হিসাবে নিয়োগ পত্র।

জনাব মো: আবিব সুলতান খান
পিতা- মো: সুলতান উদ্দীন খান
মাতা- লুৎফা সুলতানা
৮/১ ভগবতী ব্যানার্জী রোড
হাটখোলা, ঢাকা-১২৩০

নিম্নলিখিত শর্ত সাপেক্ষে আপনাকে বাংলাদেশ পর্যটন করপোরেশনে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সহকারী প্রকৌশলী (সিভিল) পদে নিয়োগ করা হলো :

(ক) যোগদানের তারিখ থেকে ০৬ (ছয়) মাস চাকুরী শিক্ষানবিস হিসাবে বিবেচিত হইবে। কর্তৃপক্ষ প্রয়োজনবোধে উপরোক্ত শিক্ষানবিসকাল বাড়াইতে পারিবেন ;

(খ) আপনাকে স্থায়ী করা হইবে না যদি না আপনি সন্তোষজনকভাবে শিক্ষানবিস মেয়াদ সমাপ্ত করিয়া থাকেন, বিভিন্ন সময়ে করপোরেশন কর্তৃক নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় পাশ করেন এবং নির্ধারিত প্রশিক্ষণ গ্রহণ করিয়া থাকেন ;

(গ) বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃপক্ষ সময়োপযোগী বিবেচনায় বা প্রয়োজনবোধে সংস্থার কাজের স্বার্থে পদবী ও দায়িত্ব পরিবর্তন করিতে পারিবেন ;

(ঘ) বাংলাদেশের যে কোন স্থানে করপোরেশনের অফিস বা স্থাপনায় আপনার এই চাকুরী বদলীযোগ্য হইবে ;

(ঙ) আপনাকে ২২০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০-৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০৫৩০-৫৩০৬০/-টাকা স্কেলে বেতন এবং অন্যান্য ভাতা ও প্রান্তিক সুবিধাদি প্রদান করা হইবে ;

(চ) জাতীয় বেতন কমিশনের সুপারিশক্রমে বেতন ও ভাতা পরিবর্তিত হইতে পারিবে;

(ছ) সিভিল সার্জন, ঢাকা - এর নিকট হইতে স্বাস্থ্য পরীক্ষার একটি সনদ দাখিল করিতে হইবে;

(জ) শিক্ষানবিস থাকাকালীন কোন প্রকার কারণ দর্শানো বা পূর্ব নোটিশ ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন সময় এই নিয়োগ বাতিল করিতে পারিবেন ;

(ঝ) শিক্ষানবিসকালে অথবা চাকুরীতে যোগদানের তারিখ হইতে ০৩ (তিন) বৎসর মেয়াদকালের মধ্যে চাকুরী পরিত্যাগ করিলে সংস্থার অনুকূলে প্রশিক্ষণ বাবদ যাবতীয় খরচ ফেরত প্রদান করিতে হইবে। চাকুরীতে যোগদানের সময় এই বিষয়ে ৩০০/- (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্প একটি মুচলেকা প্রদান করিতে হইবে ;

(ঞ) পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক হইলে শিক্ষানবিস কাল সমাপনান্তে করপোরেশনে তার চাকুরী স্থায়ীকরণ করা হইবে;

(ট) অন্য সকল ক্ষেত্রে চাকুরী বাংলাদেশ পর্যটন করপোরেশনের নিয়ম কানুন ও প্রচলিত প্রথা এবং বাংলাদেশ সরকার কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশ অনুসারে পরিচালিত হইবে ;

(ঠ) পরোক্ষ বা প্রত্যক্ষভাবে কোন ক্রমেই বাংলাদেশ পর্যটন করপোরেশনের কোন প্রকার গোপনীয় বিষয় তথ্য, ব্যবসা, বাণিজ্য, সম্পত্তি বা কোন উদ্যোগ বা প্রতিশ্রুতি সংক্রান্ত তথ্য বা তত্ত্ব কাহারো বা কোন সংস্থার নিকট প্রকাশ করিতে পারিবেন না ;

(ড) আপনি উক্ত পদে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ বাবদ কোন রকম ভাতাদি প্রাপ্য হইবেন না;

(ঢ) উপরোক্ত শর্তাবলী সাপেক্ষে এই নিয়োগপত্র আপনার নিকট গ্রহণযোগ্য হইলে;

(গ) আগামী ১৬/০৯/২০১৮ তারিখে মধ্যে চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন করপোরেশন, ৮৩-৮৮, বীর উত্তম এ,কে, খন্দকার সড়ক, মহাখালী বা/এ, ঢাকা-এর নিকট যোগদান পত্র দাখিল করিতে হইবে। উক্ত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হইলে এই নিয়োগপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।



২০-৮-২০১৮

এস. এম. হুমায়ুন কবির সরকার
মহাব্যবস্থাপক

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) মহাব্যবস্থাপক----- (সকল), বাপক, ঢাকা।
- ২) অধ্যক্ষ (এনএইচটিটিআই), মহাব্যবস্থাপক (অধ্যক্ষ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৩) মহাব্যবস্থাপক (চলতি দায়িত্ব), মহাব্যবস্থাপক (পূর্ত) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৪) ব্যবস্থাপক, আইসিটি বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন---ওয়েব সাইটে প্রকাশের জন্য।
- ৫) ব্যবস্থাপক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৬) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৭) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৮) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন